

সৈয়দপুর উপজেলা পরিষদ
জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ০৮/০২/২০২২খ্রিঃ

উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আজমল হোসেন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ : ০৮/০২/২০২২খ্রিঃ

সময় : ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার কে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচ্য বিষয়-০২ঃ কৃষি ও সেচ কমিটির কার্যক্রম পর্যালোচনা

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, শেখ রাসেল দিবস উপলক্ষে ১৮/১০/২০২১ ইং তারিখে ১০০টি তালের চারা রোপন করা হয়েছে এবং ১৬ অক্টোবর ২০২১ ইং তারিখে বিশ্ব খাদ্য দিবস উদযাপন করা হয়েছে। এছাড়াও ১০/১১/২০২১ ইং তারিখে হুঁদুর নিধন অভিযান উদ্বোধন করা হয়েছে। তিনি বলেন যে, প্রণোদনার আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজতলায় রোপন শুরু হয়েছে। অতিরিক্ত ইউরিয়া ও নন ইউরিয়া সার বরাদ্দ পাওয়া গেছে। আগাম রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে। আগাম আলু রোপন শুরু হয়েছে ও মাঠে রোগ ও পোকামাকড় দমনের লিফলেট বিতরণ চলছে। এছাড়া তিনি বলেন, উপজেলার কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে।	নবী পাট বীজ উৎপাদার ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদানের জন্য প্রকৃত কৃষক নির্বাচনসহ কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা কৃষি কর্মকর্তা

৩। আলোচ্য বিষয়-০৩ঃ কৃষকদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপ-প্রকল্পটি গ্রহন করলে প্রান্তিক চাষীগণ আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের সঠিক কৌশল জানতে পারবে, ফলে কৃষকগণ স্বল্প খরচে চাষাবাদ করতে পারবেন। জমির উর্বরতা ফিরে পাবে এবং ফলন বৃদ্ধি পাবে। আধুনিক যন্ত্রপাতি ব্যবহার হলে শ্রমিক কম লাগবে অর্থাৎ শ্রমিক ঘাটতি দূর হবে। স্বল্প খরচে অধিক উৎপাদন করলে কৃষকদের ভাগ্যের উন্নয়ন হবে এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণে সহায়ক হবে।	জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা

৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ আজমল হোসেন)

সভাপতি

উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান

উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

উপজেলা পরিষদ কার্যালয়

সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং-

তারিখঃ ০৮/০২/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। উপজেলা..... কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৭। অফিস কপি।



সভাপতি

উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক কমিটি

সৈয়দপুর, নীলফামারী।